



শান্তিপূর্ণভাবে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু

প্রকাশিত: ১৯ - নভেম্বর, ২০১৮ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ কোনরকম জটিলতা ছাড়াই শান্তিপূর্ণ পরিবেশেই দেশজুড়ে শুরু হলো পঞ্চম শ্রেণীর শিশুদের প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা। এবার পরীক্ষায় বসেছে ৩০ লাখ ৯৫ হাজার ১২৩ খুদে শিক্ষার্থী। এদিকে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেছেন, সরকারী সিদ্ধান্ত হলে জাতীয় শিক্ষানীতির আলোকে প্রাথমিক পর্যায়ে অষ্টম শ্রেণী পর্যন্ত দুটি পরীক্ষার বদলে একটি পরীক্ষা নেয়া হবে। সমাজকল্যাণমন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, শিক্ষানীতি অনুসারে আগামী বছর থেকেই প্রাথমিক সমাপনীর পরিবর্তে কেবল জেএসসি পরীক্ষা নেয়া হতে পারে।

রবিবার পরীক্ষার প্রথম দিন বিভিন্ন কেন্দ্র পরিদর্শনকালে দুই মন্ত্রী এসব কথা বলেন। প্রথম দিন প্রাথমিক ও ইবতেদায়িতে ইংরেজী পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষা চলবে ২৬ নবেম্বর পর্যন্ত। প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে এই পরীক্ষা। প্রথম দিনে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান রাজধানীর বেইলি রোডের ভিকারুননিসা নূন স্কুল এ্যান্ড কলেজ কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় মন্ত্রী বলেন, সরকারী সিদ্ধান্ত হলে পঞ্চম ও অষ্টম শ্রেণী পর্যন্ত একটি পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রাথমিক পর্যায়ে অষ্টম শ্রেণী পর্যন্ত দুটি পরীক্ষার বদলে একটি পরীক্ষা নেয়া হবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর পক্ষে রয়েছে।

মন্ত্রী আরও বলেন, মানসম্মত শিক্ষা বাস্তবায়ন করতে এবার প্রশ্ন পদ্ধতিতে কিছুটা পরিবর্তন আনা হয়েছে। নৈর্ব্যক্তিক প্রশ্ন তুলে দিয়ে রচনামূলক ও এক কথায় উত্তর যুক্ত করা হয়েছে। পাঠ্যপুস্তক পড়ে শিক্ষার্থীরা বুঝতে পারছে কি-না তা মূল্যায়ন করতে নতুন পদ্ধতি অনুসরণ করা হচ্ছে।

তিনি বলেন, সবার সহায়তায় সকাল থেকে সারাদেশে সুষ্ঠুভাবে সমাপনী ও ইবতেদায়ি পরীক্ষা শুরু হয়েছে। প্রশ্নফাঁস বা কোথাও কোন বিশৃঙ্খলার ঘটনা শোনা যায়নি। যাদের পরামর্শ নিয়ে প্রাথমিক শিক্ষা সমাপনী-ইবতেদায়ি পরীক্ষা শুরু করা হয়েছিল তারাও বর্তমানে এ পরীক্ষা আয়োজন নিয়ে ভিন্ন মত প্রকাশ করছেন। সরকারের সিদ্ধান্তে পঞ্চম শ্রেণীতে পাবলিক পরীক্ষা আয়োজন করা হচ্ছে। শিক্ষানীতি-২০১০ বাস্তবায়িত হলে আমাদের কাছে অষ্টম শ্রেণী পর্যন্ত বুঝিয়ে দেয়া হবে।

সমাজকল্যাণমন্ত্রী রাশেদ খান মেনন সকালে রাজধানীর সেগুনবাগিচা এলাকার বিভিন্ন স্কুলে পিএসসি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করে বলেছেন, জাতীয় শিক্ষানীতি অনুসারে আগামী বছর থেকেই পিএসসি পরীক্ষার পরিবর্তে কেবল জেএসসি পরীক্ষা নেয়া হতে পারে।

অন্যবাবারের মতো এবারও দুর্গম এলাকার ২০৪টি কেন্দ্রে বিশেষ ব্যবস্থায় আগেই প্রশ্নপত্র পাঠানো হয়েছে জানিয়ে গণশিক্ষামন্ত্রী বলেন, পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্টদের দায়িত্ব পালনে ন্যূনতম অবহেলা বা অনিয়মের বিষয়ে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে।

সমাজকল্যাণমন্ত্রী বলেন, পিএসসি পরীক্ষার জন্য একজন ছোট শিশুকে যেভাবে পরিশ্রম করে প্রস্তুতি নিতে হয়, তা সত্যিই ভাববার বিষয়। বিষয়টি কেবল ছোট শিশুটির জন্যই ভীতিকর নয়, এটি তাদের অভিভাবকদের জন্যেও উদ্বেগের। কাজেই আগামী বছর থেকেই পিএসসি পরীক্ষার পরিবর্তে শুধু জেএসসি পরীক্ষা নেয়ার বিষয়ে সিদ্ধান্ত নেয়া হতে পারে।

এ বছর প্রাথমিক সমাপনীতে ২৭ লাখ ৭৭ হাজার ২৭০ জন এবং ইবতেদায়িতে তিন লাখ ১৭ হাজার ৮৫৩ শিক্ষার্থী অংশ নিচ্ছে। এবার ছাত্রদের চেয়ে ছাত্রীদের সংখ্যা দুই লাখ ১৯ হাজার ৭৮৬ জন বেশি। এছাড়া তিন হাজার ২৯৪ জন বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে। তারা অতিরিক্ত ৩০ মিনিট সময় পাবে। দেশের বাইরে বিদেশের ১২টি কেন্দ্রে প্রাথমিক সমাপনী পরীক্ষা হচ্ছে। গত বছর মোট ২৮ লাখ চার হাজার ৫০৯ জন খুদে শিক্ষার্থী প্রাথমিক সমাপনী এবং দুই লাখ ৯১ হাজার ৫৬৬ জন ইবতেদায়ি পরীক্ষায় অংশ নিয়েছিল।

নিয়ন্ত্রণ কক্ষ ও ভিজিল্যান্স টিম ॥ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদফতরের কর্মকর্তাদের সমন্বয়ে প্রতিটি জেলায় পরীক্ষা কার্যক্রম পরিদর্শনের জন্য ভিজিল্যান্স টিম গঠন করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ খেলা হয়েছে জানিয়ে মন্ত্রী বলেন, মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর ৯৫১৫৯৭৭ ও ই-মেইল mopmesch2@gmail.com এবং অধিদফতরের নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর ৫৫০৭৪৯১৭, ০১৮৫৫০৮০৩০৭ ও ০১৭১২১০৬৩৬৯। ই-মেইল-ddestabdpe@gmail.com। নিয়ন্ত্রণ কক্ষ থেকে পরীক্ষা সংক্রান্ত সব তথ্য জানা যাবে।

বিশেষ ব্যবস্থা ও নিরাপত্তার সঙ্গে প্রশ্নপত্র প্রণয়ন, মুদ্রণ, ও বিতরণ কাজ শেষ হয়েছে। প্রশ্নপত্র বিশেষ নিরাপত্তা ব্যবস্থায় জেলা/ উপজেলা পর্যায়ে পৌঁছে দেয়া হয়েছে এবং তা সংশ্লিষ্ট থানা/ ট্রেজারিতে হেফাজতে রাখা হয়েছে। পরীক্ষার দিন সর্বোচ্চ নিরাপত্তা বজায় রেখে সংশ্লিষ্ট প্রশ্নপত্র থানা হেফাজত থেকে কেন্দ্র সচিবের নিকট পৌঁছে দেয়া হবে।

পরীক্ষার সময়সূচি ॥ প্রাথমিক সমাপনীতে আজ ১৯ নবেম্বর বাংলা, ২০ নবেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২২ নবেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২৫ নবেম্বর গণিত এবং ২৬ নবেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা পরীক্ষা হবে।

ইবতেদায়ি সমাপনীতে আজ ১৯ নবেম্বর বাংলা, ২০ নবেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং বিজ্ঞান, ২২ নবেম্বর আরবি, ২৫ নবেম্বর গণিত, ২৬ নবেম্বর কুরআন ও তাজবীদ এবং আকাঈদ ও ফিকহ বিষয়ের পরীক্ষা।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/